FEB 1 _ 2001

# বোমার গুজবের পর ঢাকা মেডিক্যাল বন্ধ ॥ গুলশানে স্কুলে একই গুজব, আতঙ্ক

**স্টাফ রিপোর্টার ॥** বোমা পেতে রাখার গুজব ছড়ানোর পর থেকে বন্ধ রয়েছে ঢাকা মেডিক্যাল কলেজ। গুলশানের একটি ইংলিশ মিডিয়াম স্কুলেও ছড়ানো হয়েছে বোমার গুজব। অভিভাবকদের মধ্যে এ নিয়ে সৃষ্টি হয়েছে আতঙ্ক।

## বোমার গুজবের পর ঢাকা

*(প্রথম পাতার পর)*

মঙ্গলবার সকালে ঢাকা মেডিক্যাল কলেজে প্রথম ছড়ানো হয় বোমার গুজব। অজ্ঞাত এক যুবক সকালে কলেজের প্রিন্সিপালকে ফোন করে বোমা পেতে রাখার কথা জানায়।

এর পর থেকে ছাত্রছাত্রীদের মধ্যে সৃষ্টি হয় আতঙ্ক। কলেজের ক্লাস বন্ধ রাখা হয়েছে। পুলিশ প্রাথমিকভাবে সর্বত্র তল্লাশি চালালেও তাতে নিশ্চিত হতে পারছে না কলেজ কর্তৃপক্ষ। তারা সেনা বিশেষজ্ঞের অপেক্ষায় রয়েছে। বুধবার এ নিয়ে সিন্ডিকেটের সভা হয়েছে। তাতে আজও কলেজ বন্ধ রাখার সিদ্ধান্ত হয়। এদিকে পুলিশ কলেজের প্রিন্সিপালের নম্বর নিয়ে টিএ্যান্ডটিতে খোঁজাখুঁজি শুরু করেছে। এ সময়ে অধ্যক্ষের নম্বরে কার কার ফোন এসেছিল তার একটি তালিকা নেয়া হবে টিএ্যান্ডটির কাছ থেকে। রমনা থানা পুলিশ বুধবার থেকেই সেই অভিযান শুরু করেছে।

এদিকে আমাদের বাড্ডা সংবাদদাতা জানান, মঙ্গলবার একই সময়ে গুলশানের ইংরেজী স্কুল "স্যার জন উইলসনেও বোমার গুজব ছড়ানো হয়েছে। অজ্ঞাত এক ব্যক্তি ফোন করে গুলশানের ৭৭ নম্বর সড়কের এই স্কুলে বোমা পেতে রাখা হয়েছে বলে জানায়। কর্তৃপক্ষ এর পর স্কুল ছুটি ঘোষণা করে। পুলিশ স্কুলের সর্বত্র তল্লাশি করেও বোমার কোন অস্তিত্ব খুঁজে পায়নি। পুলিশের ধারণা, কোন একটি চক্র একই সাথে এ কাজটি করেছে।